


জ্বালানি ব্যবস্থাপক নির্বাচনে প্রশিক্ষণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন সংক্রান্ত প্রসপেক্টাস

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ এবং জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০২৩ অনুযায়ী দেশের বিদ্যুৎ ও জ্বালানির বৃহৎ ব্যবহারকারী শিল্প-কলকারখানা ও বাণিজ্যিক স্থাপনায় জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে নিয়মিত তদারকি/জ্বালানি ব্যবস্থাপনার জন্য যথাযথ যোগ্যতাসম্পন্ন জ্বালানি ব্যবস্থাপক (Energy Manager) তৈরি করা স্রেডার একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম। এপ্রেক্ষিতে, স্রেডা ৪ দিন ব্যাপী (৩দিন প্রশিক্ষণ এবং ১দিন মূল্যায়ন) প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে থাকে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে সময় সময় স্রেডার ওয়েবসাইট, ফেসবুক পেইজ এবং জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে আবেদন আহ্বান করা হয়ে থাকে।



“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”



জ্বালানি ব্যবস্থাপক সনদ প্রদানের লক্ষ্যে স্রেডা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতাসম্পন্ন ব্যক্তি আবেদন করতে পারবেন:

- ❖ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূ্যন ২ (দুই) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভৌত বা ফলিত বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রি; অথবা
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূ্যন ৪ (চার) বৎসরের কর্ম অভিজ্ঞতাসহ কোনো স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হইতে প্রকৌশল বা স্থাপত্য বিষয়ে ডিপ্লোমা।

“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”

প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য বিষয়াদি:

১. স্রেডা কর্তৃক আয়োজিত এ প্রশিক্ষণে অংশগ্রহণের উপযুক্ততা ও প্রশিক্ষণের জন্য আসন সংখ্যা ইত্যাদি বিবেচনায় প্রাপ্ত আবেদনসমূহ স্রেডা কর্তৃক যাচাইয়ের মাধ্যমে প্রাথমিকভাবে যোগ্য প্রশিক্ষণার্থী মনোনীত/নির্বাচন করা হয়।
২. নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তালিকা যথাসময়ে স্রেডা ওয়েবসাইটে প্রকাশ করা হয়।
৩. নির্বাচিত প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হয়। ফি জমাদানের প্রক্রিয়া পরবর্তীতে যথাসময়ে ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হয়।
৪. চূড়ান্তভাবে মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সেশনে অংশগ্রহণ ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়ন পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে জ্বালানি ব্যবস্থাপক সনদ প্রদান করা হয়। উল্লেখ্য, প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নে অনুত্তীর্ণ হইলে বা যুক্তিসঙ্গত কারণে অনুপস্থিত থাকিলে, সেক্ষেত্রে তিনি ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান সাপেক্ষে, পরবর্তী নিয়মিত ৩ (তিন)টি মূল্যায়ন পরীক্ষার মধ্যে সর্বোচ্চ ২ (দুই) বার উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাইবেন।



“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”



প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য বিষয়াদি:

৫. প্রশিক্ষণ ফি জমা প্রদান সাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের বিভিন্ন ব্যাচে ভাগ করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়। উল্লেখ্য, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ব্যাচে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই নির্ধারিত ব্যাচ পরিবর্তনের সুযোগ থাকবে না।

৬. প্রশিক্ষণসূচিসহ সংশ্লিষ্ট সকল বিষয়াদি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং ই-মেইলের মাধ্যমে চূড়ান্তভাবে মনোনীত প্রশিক্ষণার্থীদের জানিয়ে দেয়া হয়

৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এসংক্রান্ত বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”

Evaluation (Exam) Pattern and Mark Distribution

Items	No of questions	Marks/question	Marks
MCQ	40	02	80
Short Question	04	05	20
Total			100

- ❖ Time of the Examination is **1 hr. (60 minutes)**
- ❖ Pass mark is **50 marks out of 100 marks (50%)**
- ❖ Medium of the Examination is **English**



“সাশ্রয়ে জ্বালানি, সমৃদ্ধ আগামী”